যুগান্তর

তারিখ 23 FEB 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৬

# লালমাটিয়া মহিলা কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

লালমাটিয়া মহিলা কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সোমবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক এমপি, সভাপতি, পরিচালনা পরিষদ, লালমাটিয়া মহিলা কলেজ। বিশেষ অতিথি প্রফেসর ফাহিমা খাতুন, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, বাংলাদেশ এবং অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ ও সভাপতি, শিক্ষক সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সদস্য, পরিচালনা পরিষদ, লালমাটিয়া মহিলা কলেজ। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলহাজ সাদেক খান, সভাপতি, মোহাম্মদপুর, আদাবর ও শেরেবাংলা নগর থানা আওয়ামী লীগ, আলহাজ হাবিবুর রহমান মিজান, কাউন্সিলর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সেক্রেটারি, মোহাম্মদপুর, আদাবর ও শেরেবাংলা নগর থানা আওয়ামী লীগ এবং কলেজ পরিচালনা পরিষদের সদস্যরা। সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ মো. রফিকুল ইসলাম। অতিথিদের গার্ড অব অনার প্রদান করে কলেজের রেঞ্জার ইউনিট। কলেজের অধ্যক্ষ মো. রফিকুল ইসলাম স্বাগত বক্তব্যে ছাত্রীদের প্রতি আহ্বান জানান আধুনিক জ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় শিক্ষিত হয়ে প্রকৃত শিক্ষায় নিজেদের আলোকিত করে কর্মজীবনে তার প্রতিফলন ঘটাতে। প্রধান অতিথির ভাষণে কলেজ পরিচালনা পরিষদের সভাপতি অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক এমপি বলেন, 'একটি টিনের ঘর থেকে যাত্রা শুরু করে এই কলেজ আজ দেশের বৃহত্তম নারী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত।' তিনি বলেন, 'বিগত সরকার দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলো ধ্বংস করে গিয়েছিল। বর্তমান সরকারের সুদক্ষ পরিচালনা ও নেতৃত্বে প্রতিষ্ঠানগুলোতে আবার প্রাণের সঞ্চার ঘটেছে।' তিনি আরও বলেন, 'দল নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে প্রতিটি প্রতিষ্ঠান পরিচালনা করার ফলে মোহাম্মদপুর এলাকার প্রতিটি প্রতিষ্ঠানই সন্ত্রাসমুক্ত, ইভটিজিংমুক্ত রাখতে সক্ষম হয়েছি।' ছাত্রীদের উদ্দেশে তিনি বলেন, 'শ্রেষ্ঠ মাতাই হল শ্রেষ্ঠ জাতি।' আমার বিশ্বাস, শিক্ষাজীবন শেষে তোমরা প্রত্যেকেই দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করবে।' **সংবাদ বিজ্ঞপ্তি।**